



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার নং- ১৬

১৫ জুলাই ২০২১
 তারিখঃ -----
 ৩১ আষাঢ় ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
 বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

পর্যটন খাতের হোটেল/মোটেল/থিম পার্ক-এর কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থার
 মাধ্যমে ৪(চার) শতাংশ সুদে ১(এক) হাজার কোটি টাকা ওয়ার্কিং ক্যাপিটাল খণ্ড/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।

নডেল করোনা ভাইরাস (COVID-19) এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের মানুষের অনুকূলে আর্থিক সহায়তা প্রদানের নিমিত্ত পর্যটন খাতের হোটেল/মোটেল/থিম পার্কের কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের জন্য ১৩ জুলাই ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ব্যাংক ব্যবস্থার মাধ্যমে ৪(চার) শতাংশ সুদে ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ খণ্ড সহায়তা প্রদানের লক্ষ্যে ১(এক) হাজার কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজে ঘোষণা করেন। উক্ত প্যাকেজের আওতায় বাণিজ্যিক ব্যাংকগুলো তাদের নিজস্ব তহবিল থেকে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত হোটেল/মোটেল/থিম পার্কসমূহকে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ১(এক) বছর মেয়াদে ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ খণ্ড/বিনিয়োগ সুবিধা প্রদান করবে। প্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার সহনীয় করার লক্ষ্যে উক্ত প্যাকেজের আওতায় খণ্ড/বিনিয়োগের বিপরীতে নির্ধারিত সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৮(আট) শতাংশ। উক্ত সুদ/মুনাফার অর্ধেক অর্থাৎ ৪(চার) শতাংশ খণ্ডগ্রাহীতা প্রতিষ্ঠান পরিশোধ করবে এবং অবশিষ্ট ৪(চার) শতাংশ সরকার কর্তৃক ভর্তুকি হিসেবে প্রদান করা হবে। এ প্যাকেজের আওতায় সহজ শর্তে খণ্ড/বিনিয়োগ সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবেঃ

২) খণ্ড/বিনিয়োগ ব্যবস্থাপনাঃ

- ক) এ প্যাকেজের আওতায় খণ্ড/বিনিয়োগ অনুমোদন ও বিতরণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালাসহ ব্যাংকের নিজস্ব খণ্ড/বিনিয়োগ নীতিমালা অনুসরণীয় হবে;
- খ) সরকার কর্তৃক ভর্তুকি বাবদ প্রদত্ত সুদ/মুনাফার অংশ বাংলাদেশ ব্যাংক এর প্রধান কার্যালয় এর একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট এর মাধ্যমে প্রদান করা হবে। উক্ত ভর্তুকি বাবদ সুদ-মুনাফার পুনর্ভরণ গ্রহণ সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিসিপাল অফিস কর্তৃক সম্পাদিত হতে হবে।

৩) ব্যাংকওয়ারী খণ্ড/বিনিয়োগের সীমাঃ

এ প্যাকেজের আওতায় খণ্ড/বিনিয়োগ প্রদানের লক্ষ্যে প্রতিটি ব্যাংক তাদের নিজস্ব সীমা নির্ধারণপূর্বক উক্ত সীমার উপর ভিত্তি করে খণ্ড/বিনিয়োগ কার্যক্রম আরম্ভ করবে। ব্যাংক কর্তৃক নির্ধারিত খণ্ড/বিনিয়োগের সীমা আগামী ২৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে 'সংযোজনী-ক' অন্যায়ী ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ বরাবর প্রেরণ করতে হবে (সফটকপিসহ ইমেইল salauddin.tapadar@bb.org.bd এবং mahmudur.reza@bb.org.bd)। ব্যাংকসমূহ হতে সীমা সংক্রান্ত তথ্য প্রাপ্তির পর চাহিদা ও তহবিলের পর্যাপ্ততার উপর ভিত্তি করে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক চূড়ান্ত সীমা নির্ধারণ করে ব্যাংকসমূহকে অবহিত করা হবে এবং সে মোতাবেক ব্যাংক খণ্ড কার্যক্রম পরিচালনা করবে।

৪) খণ্ড/বিনিয়োগের প্রকৃতি ও মেয়াদঃ

এ প্যাকেজের আওতায় প্রদত্ত খণ্ড/বিনিয়োগ Working Capital under Stimulus Package (Tourism Sector) নামে অভিহিত হবে এবং সিএল-২ বিবরণীতে রিপোর্ট করতে হবে। প্রতিটি খণ্ড/বিনিয়োগের মেয়াদ হবে সর্বোচ্চ ১(এক) বছর। খণ্ড/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায়িক লেনদেন সন্তোষজনক হলে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে খণ্ড/বিনিয়োগ সুবিধাটি নবায়ন করা যাবে। তবে আলোচ্য প্যাকেজের আওতায় প্রদত্ত খণ্ড/বিনিয়োগের উপর সুদ/মুনাফা বাবদ ভর্তুকি ১(এক) বছরের জন্য প্রাপ্য হবে।

৫) সুদ/মুনাফার হারঃ

এ প্যাকেজের আওতায় সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৮(আট) শতাংশ। প্রদত্ত খণ্ড/বিনিয়োগের উপর আরোপিত সুদ/মুনাফার অর্ধেক অর্থাৎ ৪(চার) শতাংশ খণ্ড/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করতে হবে এবং অবশিষ্ট ৪(চার) শতাংশ সরকার ভর্তুকি হিসেবে সংশ্লিষ্ট ব্যাংককে প্রদান করবে।

৬) খণ্ড/বিনিয়োগ ও ভর্তুকি প্রাপ্যতাঃ

- ক) যে সকল হোটেল/মোটেল/থিম পার্ক ব্যবসা প্রতিষ্ঠানসমূহ সরকার এবং বাংলাদেশ ব্যাংকে কর্তৃক ঘোষিত প্রগোদ্ধন প্যাকেজসমূহ হতে ইতঃপূর্বে কোন সুবিধা গ্রহণ করেনি সে সকল হোটেল/মোটেল/থিম পার্ক ব্যবসা প্রতিষ্ঠানসমূহ তাদের কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের লক্ষ্যে এ প্যাকেজের আওতায় খণ্ড/বিনিয়োগ সুবিধা গ্রহণ করতে পারবে;
- খ) খণ্ড/বিনিয়োগ গ্রহণে ইচ্ছুক আবেদনকারী যে ব্যাংকের মাধ্যমে বর্তমানে লেনদেন করে থাকে সে ব্যাংকের মাধ্যমে এ প্যাকেজের আওতায় খণ্ড/বিনিয়োগ সুবিধা গ্রহণ করতে পারবে। যে সকল প্রতিষ্ঠান একাধিক ব্যাংকের মাধ্যমে লেনদেন করে থাকে সে সকল প্রতিষ্ঠান লেনদেনকৃত ব্যাংকসমূহের যেকোন একটি ব্যাংকের মাধ্যমে আবেদন করতে পারবে। তবে এক্ষেত্রে অন্য কোন ব্যাংকের মাধ্যমে খণ্ড/বিনিয়োগ সুবিধা গ্রহণ করেনি মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- গ) এ প্যাকেজের আওতায় বিতরণকৃত খণ্ড/বিনিয়োগের উপর ত্রৈমাসিক ভিত্তিতে (মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর) আরোপিত সুদ/মুনাফার যে অংশ খণ্ডগ্রহীতা কর্তৃক প্রদেয় (৪ শতাংশ) সে অংশ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে পরিশোধিত হলে সরকারের নিকট হতে সুদ/মুনাফার বিপরীতে অবশিষ্ট ৪(চার) শতাংশ ভর্তুকি হিসেবে ব্যাংক প্রাপ্য হবে। খণ্ড/বিনিয়োগ গ্রহীতা সময়মতো সুদ/মুনাফা পরিশোধ না করার কারণে ব্যাংক কর্তৃক সরকারি ভর্তুকি পাওয়া না গেলে উক্ত ৪(চার) শতাংশ সুদ/মুনাফা খণ্ডগ্রহীতাকে বহন করতে হবে।

৭) খণ্ড/বিনিয়োগের বিপরীতে ভর্তুকি বাবদ সুদ/মুনাফার অর্থ পুনর্ভরণ প্রক্রিয়াঃ

- ক) ব্যাংক প্রতি ত্রৈমাসিক (মার্চ/জুন/সেপ্টেম্বর/ডিসেম্বর) শেষে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে উক্ত ত্রৈমাসিক পর্যন্ত প্রদত্ত খণ্ড/বিনিয়োগের বিপরীতে ভর্তুকি প্রাপ্তির লক্ষ্যে 'সংযোজনী-খ' অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট বরাবর আবেদন করবে। আবেদনপত্রের সাথে ব্যাংক কর্তৃক পর্যটন খাতের হোটেল/মোটেল/থিম পার্ক হিসেবে ব্যবসা পরিচালনার উদ্দেশ্যে গ্রহীত ট্রেড লাইসেন্স/সংশ্লিষ্ট সরকারি দণ্ডের অনুমোদনের কপি, এ প্যাকেজের আওতায় গ্রহীত খণ্ড/বিনিয়োগের মাধ্যমে যে সকল কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধ করা হয়েছে তাদের তালিকা এবং সংশ্লিষ্ট ব্যাংকের মঙ্গুরীপত্র দাখিল করতে হবে;
- খ) একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট একপ আবেদন প্রাপ্তির পর তা দ্রুততম সময়ের মধ্যে যাচাইপূর্বক ভর্তুকি বাবদ প্রাপ্য সুদ/মুনাফার অর্থ বাংলাদেশ ব্যাংকের সাথে রাষ্ট্রিয় সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাবে জমাপূর্বক ব্যাংক-কে অবহিত করবে।

৮) তথ্য প্রেরণঃ

এ প্যাকেজের আওতায় ব্যাংক কর্তৃক প্রদত্ত খণ্ড/বিনিয়োগ এর তথ্য 'সংযোজনী-গ' অনুযায়ী পাক্ষিক (প্রতি মাসের ১৫ তারিখ এবং শেষ তারিখ) ভিত্তিতে পরবর্তী ৩(তিনি) কর্মদিবসের মধ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-এ প্রেরণ করতে হবে।

৯) পুনঃঅর্থায়ন সুবিধাঃ

এ প্যাকেজের আওতায় খণ্ড/বিনিয়োগ প্রদানের নিমিত্ত ব্যাংকের তারল্য সরবরাহ নিশ্চিতকল্পে বিতরণকৃত খণ্ড/বিনিয়োগের ৫০(পঞ্চাশ) শতাংশ অর্থ বাংলাদেশ ব্যাংকের নিকট হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা যাবে। উক্ত পুনঃঅর্থায়ন সুবিধার বিপরীতে সুদ/মুনাফার হার হবে ৪(চার) শতাংশ এবং মেয়াদ হবে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের তারিখ হতে ১(এক) বছর। এ প্যাকেজের আওতায় পুনঃঅর্থায়ন গ্রহণে ইচ্ছুক ব্যাংক কর্তৃক ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারিভিশন (ডিওএস) এর সাথে একটি অংশগ্রহণমূলক চুক্তি স্বাক্ষর করতে হবে। এছাড়াও পরিচালনাগত যাবতীয় কার্যক্রম ডিওএস কর্তৃক সম্পাদিত হবে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা ডিওএস কর্তৃক প্রদান করা হবে।

১০) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।

বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এর আওতায় পর্যটন খাতে ঝণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে চাহিদাপত্র

ব্যাংকের নাম:

(টাকায়)

ক্রম	হোটেল/মোটেল/থিম পার্কের অনুকূলে প্রদত্ত মোট ঝণ/বিনিয়োগের স্থিতি (৩১/১২/২০২০ ভিত্তিক)	হোটেল/মোটেল/থিম পার্কের অনুকূলে আলোচ্য প্যাকেজের আওতায় ঝণ/বিনিয়োগ বিতরণের উদ্দেশ্যে মোট চাহিদার পরিমাণ	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)

স্বাক্ষর

নাম ও পদবীসহ

সংযোজনী- এর বিষয়ে যোগাযোগের জন্য

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম :

পদবী:

অফিস ফোন নং:

মোবাইল ফোন নং:

ই-মেইল:

বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এর আওতায় পর্যটন খাতে প্রদত্ত ঝগ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফা ভর্তুকি প্রাপ্তির জন্য প্রয়োজনীয় তথ্যাবলী

----- তারিখ ভিত্তিক

(যে ত্রৈমাসিকের জন্য ভর্তুকীর আবেদন করা হয়েছে সে ত্রৈমাসিকের শেষ তারিখ [৩১ মার্চ/৩০ জুন/৩০ সেপ্টেম্বর/৩১ ডিসেম্বর] ভিত্তিক)

ব্যাংকের নাম:

(টাকার অংকে)

ক্রম	ঝগ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের নাম	ঝগ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের Tax Identification Number (TIN)	ঝগ/বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের BIN	ঝগ/বিনিয়োগ বিতরণের তারিখ	ঝগ/বিনিয়োগের মেয়াদ উর্তীরের তারিখ	বিতরণকৃত ঝগ/বিনিয়োগের পরিমাণ	ঝগ/বিনিয়োগের স্থিতি (---- তারিখ ভিত্তিক)	৪% হারে আরোপিত মোট সুদ/মুনাফার পরিমাণ	গ্রাহক কর্তৃক পরিশোধিত মোট অর্থের পরিমাণ	৪% হারে আবেদনকৃত ভর্তুকীর মোট পরিমাণ (বিতরণকৃত ঝগ/বিনিয়োগের উপর)	বাংলাদেশ ব্যাংক কর্তৃক সুদ/মুনাফা ভর্তুকী বাবদ পুনর্ভরণকৃত মোট অর্থের পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)

স্বাক্ষর
নাম ও পদবীসহ

সংযোজনী-গ এর বিষয়ে যোগাযোগের জন্য

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম:

পদবী:

অফিস ফোন নং:

মোবাইল ফোন নং:

বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২১ এর আওতায় পর্যটন খাতের জন্য গঠিত প্রগোদনা প্যাকেজ সংশ্লিষ্ট তথ্য বিবরণী

ব্যাংকের নাম:

(টাকায়)

ক্রম	খণ্ড/ বিনিয়োগ গ্রহীতা প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট পাঞ্চিকে বিতরণকৃত খণ্ড/বিনিয়োগের পরিমাণ	সংশ্লিষ্ট ধারকের অনুকূলে পূঁজীভূত খণ্ড/বিনিয়োগের স্থিতি (সর্বশেষ ত্রৈমাসিক ভিত্তিক)	আলোচ্য প্যাকেজের আওতায় সুবিধাপ্রাপ্ত কর্মচারীর সংখ্যা	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)

স্বাক্ষর
নাম ও পদবীসহ

সংযোজনী- এর বিষয়ে ঘোষণাগ্রহের জন্য

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম :

পদবী:

অফিস ফোন নং:

মোবাইল ফোন নং:

ই-মেইল: